

তারিখ: ১০.৫.২০২৫

### প্রেস বিজ্ঞপ্তি-

#### চট্টগ্রাম নগরীর শতভাগ উন্নয়ন ও নাগরিক সেবায় সিটি গভর্নমেন্ট ধারণা বাস্তবায়নের বিকল্প নেই- মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রামের সার্বিক উন্নয়ন ও নাগরিক সেবার কার্যক্রমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) সাবেক কর্মকর্তাদের অভিজ্ঞতা কাজে লাগানোর ঘোষণা দিয়েছেন সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। শনিবার দুপুরে লালদীঘি লাইব্রেরি ভবনে চসিক এক্স অফিসার্স এসোসিয়েশনের কার্যালয় আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের পর এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এ ঘোষণা দেন তিনি। এর আগে মেয়র কার্যালয়ের নামফলক উন্মোচন করেন এবং বিশেষ মুনাজাতে অংশ নেন। লালদীঘি অডিটোরিয়ামে অনুষ্ঠিত সৌজন্য মতবিনিময় সভায় মেয়র বলেন, “চট্টগ্রাম নগরের উন্নয়ন ও জনসেবা কার্যক্রমে চসিকের অবসরপ্রাপ্ত কর্মকর্তারা যে জ্ঞান, অভিজ্ঞতা ও দক্ষতা অর্জন করেছেন, তা অমূল্য সম্পদ। নগরের উন্নয়নে আমরা সেই অভিজ্ঞতাকে গাইডলাইন হিসেবে গ্রহণ করব।” তিনি বলেন, “আমরা সবাই একটি পরিবারের সদস্য। এই পরিবারের সুখ-দুঃখ, হাসি-কান্না ভাগ করে নেয়ার মানসিকতা নিয়ে আমি নগর পরিচালনায় কাজ করছি। নাগরিক সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে স্বল্প সময়ে যেসব পদক্ষেপ নেওয়া হয়েছে, তার সুফল ইতোমধ্যে মানুষ পাচ্ছেন।” সিটি গভর্নমেন্ট কনসেপ্ট বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করে ডা. শাহাদাত বলেন, “এই ধারণা বাস্তবায়ন করতে পারলে সেবা কার্যক্রমে সংশ্লিষ্ট সব প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় প্রতিষ্ঠা সম্ভব হবে, যা নগরবাসীর জন্য হবে অত্যন্ত উপকারী।” চসিক এক্স অফিসার্স এসোসিয়েশনের কার্যক্রমে সার্বিক সহযোগিতার আশ্বাস দিয়ে মেয়র বলেন, “এই সংগঠন ভবিষ্যতে চসিকের জন্য একটি জ্ঞানভিত্তিক পরামর্শ কেন্দ্র হিসেবে কাজ করবে বলে আমি বিশ্বাস করি।” সভায় সভাপতিত্ব করেন চসিক এক্স অফিসার্স এসোসিয়েশনের সভাপতি প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক এবং সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক সাইফুদ্দিন আহমদ সাকী। স্বাগত বক্তব্য দেন ডা. মোহাম্মদ আলী। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ডা. প্রীতি বড়ুয়া, প্রকৌশলী আবুল হাসনাত, প্রকৌশলী অসীম বড়ুয়া ও প্রকৌশলী মো. রেজাউল বারী ভূঁইয়া প্রমুখ।



#### মীর্জা ফখরুলকে স্বাগত জানালেন চসিক মেয়র ডা. শাহাদাত, চট্টগ্রামের উন্নয়ন কর্মকাণ্ডে সন্তোষ প্রকাশ

চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে বিএনপির মহাসচিব মীর্জা ফখরুল ইসলাম আলমগীরকে স্বাগত জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। শনিবার সকালে মীর্জা ফখরুল চট্টগ্রাম পৌঁছালে মেয়র ডা. শাহাদাত তাকে অভ্যর্থনা জানান এবং শুভেচ্ছা বিনিময় করেন। বিমানবন্দরে স্বাগতকালে মেয়রের সঙ্গে মীর্জা ফখরুলের একান্ত আলাপ হয় এবং চলমান নগর উন্নয়ন কার্যক্রম নিয়ে মতবিনিময় হয়। চট্টগ্রামের সার্বিক উন্নয়ন কর্মকাণ্ড সম্পর্কে অবহিত হয়ে মীর্জা ফখরুল ইসলাম আলমগীর সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, চট্টগ্রাম দেশের দ্বিতীয় বৃহত্তম নগরী। এই নগরীর নাগরিকদের প্রত্যাশা ও প্রাপ্তির মধ্যে সামঞ্জস্য আনার লক্ষ্যে মেয়র ডা. শাহাদাত যেভাবে নিরলসভাবে কাজ করছেন, তা প্রশংসনীয়। তিনি আরও বলেন, নগরবাসীর দীর্ঘদিনের দুর্ভোগ জলাবদ্ধতা নিরসনে সিটি কর্পোরেশন যে সমন্বিত উদ্যোগ নিয়েছে, তাতে শুধু প্রশাসনিক নয়, রাজনৈতিক ও সামাজিক সংগঠনেরও অংশগ্রহণ প্রয়োজন। মেয়রের উদ্যোগকে আমি অত্যন্ত ইতিবাচক হিসেবে দেখি। নগরের সার্বিক উন্নয়নে দলমত নির্বিশেষে সবাইকে একযোগে কাজ করার ওপর গুরুত্বারোপ করেন বিএনপি মহাসচিব। এসময় তিনি নগর ভবিষ্যৎ পরিকল্পনায় নানা পরামর্শ দেন এবং মেয়রকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, চট্টগ্রামের উন্নয়নে আমরা যে স্বপ্ন নিয়ে যাত্রা শুরু করেছি, তা বাস্তবায়নে কেন্দ্রীয় নেতৃত্বের সহযোগিতা ও দিকনির্দেশনা আমাদের অনুপ্রাণিত করে। তিনি আরও বলেন, দেশের গণতান্ত্রিক অভিযাত্রায় মীর্জা ফখরুল ইসলাম আলমগীর যে ভূমিকা রেখে চলেছেন, তা ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে। চট্টগ্রামবাসীর পক্ষ থেকে আমি তার প্রতি কৃতজ্ঞতা ও শ্রদ্ধা জানাচ্ছি। বিমানবন্দরে কেন্দ্রীয় বিএনপির সাংগঠনিক সম্পাদক মাহবুবের রহমান শামীম, সাবেক সহ সাংগঠনিক সম্পাদক আবুল হাশেম বকর, মহানগর বিএনপির আহবায়ক আলহাজ্ব এরশাদ উল্লাহ, সদস্য সচিব নাজিমুর রহমান, বিএনপি নেতা মো. কামরুল ইসলাম, মনিরুল ইসলাম ইউছুপ সহ মহানগর বিএনপি, অঙ্গ ও সহযোগী সংগঠনের শীর্ষ পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮